

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৫৭

৫/ মসজিদ ও সালাতের স্থান (كتاب الْمَسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلاَة) পরিচেছদঃ ৩১. পাঁচ ফরয সালাতের সময়

باب أَوْقَاتِ الصَّلَوَاتِ الْخَمْسِ

আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ يَحْيَى التَّمِيمِيُّ، قَالَ قَرَأْتُ عَلَى مَالِكِ عَنِ ابْنِ شِهَابِ، أَنَّ عُمَرَ بْنَ عَبْدِ الْعُزِيزِ، أَخْرَ الصَّلاَةَ يَوْمًا فَدَخَلَ عَلَيْهِ عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ فَأَخْبَرَهُ أَنَّ الْمُغِيرَةَ بْنَ شُعْبَةَ أَخَّرَ الْعَنْدِنِ، أَخْرَ الصَّلاَةَ يَوْمًا وَهُوَ بِالْكُوفَةِ فَدَخَلَ عَلَيْهِ أَبُو مَسْعُودِ الأَنْصَارِيُّ فَقَالَ مَا هَذَا يَا مُغِيرَةُ الصَّلاَةَ يَوْمًا وَهُو بِالْكُوفَةِ فَدَخَلَ عَلَيْهِ أَبُو مَسْعُودِ الأَنْصَارِيُّ فَقَالَ مَا هَذَا يَا مُغِيرَةُ السَّيِّ وَسُلِم ثَمَّ عَلِمْتَ أَنَّ جِبْرِيلَ نَزَلَ فَصَلَّى وَسُلم ثُمَّ صَلَّى وَسُلم ثُمَّ صَلَّى رَسُولُ اللهِ عليه وسلم ثُمَّ صَلَّى رَسُولُ اللهِ عليه وسلم ثُمَّ صَلَّى وَسُلم اللهِ عليه وسلم ثُمَّ صَلَّى وَسُلم اللهِ عليه وسلم ثُمَّ صَلَّى فَصَلَّى رَسُولُ اللهِ عليه وسلم ثُمَّ صَلَّى وَسُلم اللهِ عليه وسلم ثُمَّ صَلَّى وَسُلمُ اللهِ عليه وسلم ثُمَّ صَلَّى وَسُلم وَقُتَ الصَّلاَةِ عُرُوةَةً أَوْإِنَّ جِبْرِيلَ عَلَيْهِ السَّلاَمُ هُو أَقَامَ لِرَسُولِ اللّهِ صلى الله عليه وسلم وَقْتَ الصَّلاةِ عُرْوَةً أَوْإِنَّ جِبْرِيلَ عَلَيْهِ السَّلاَمُ هُو أَقَامَ لِرَسُولِ اللّهِ صلى الله عليه وسلم وَقْتَ الصَّلاةِ فَقَالَ عُرُوةً كَذَلِكَ كَانَ بَشِيرُ بْنُ أَبِي مَسْعُودِ يُحَدِّثُ عَنْ أَبِيهِ .

الله عليه وسلم كَانَ يُصلِّي الْعَصرْرَ وَالشَّمْسُ فِي حُجْرَتِهَا قَبْلَ أَنْ تَظْهَرَ.

বাংলা

১২৫৭। ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া আত তামীমী (রহঃ) ... ইবনু শিহাব (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন উমার ইবনু আবদুল আযীয় (রহঃ) একদা সালাতে দেরী করে ফেললেন। তখন উরওয়া ইবনু যুবায়র (রাঃ) তাঁর নিকট এসে বললেন, মুগীরা ইবনু শুবা (রাঃ) কুফায় থাকতে একদিন সালাত দেরী করে আদায় করেছিলেন। তখন আবূ মাসউদ আনসারী (রাঃ) তাঁর নিকট এসে বললেন, হে মুগীরা। আপনি একি করলেন? আপনি কি জানেন না যে, জিবরীল (আলাইহিস সালাম) অবতরণ করে সালাত আদায় করলেন এবং রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (তার সঙ্গে) সালাত আদায় করলেন। তারপর আবার তিনি সালাত আদায় করলেন।



রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম (তাঁর সঙ্গে) সালাত আদায় করলেন। তারপর তিনি সালাত আদায় করলেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম (তার সঙ্গে) সালাত আদায় করলেন। তারপর তিনি সালাত আদায় করলেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম (তার সঙ্গে) সালাত আদায় করলেন। তারপর তিনি সালাত আদায় করলেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম (তার সঙ্গে) সালাত আদায় করলেন।

তারপর জিবরীল (আলাইহিস সালাম) বললেন, আপনাকে এরুপই (সালাত আদায় করতে) নির্দেশ হয়েছে। তখন উমার উরওয়াকে বললেন, হে উরওয়া! তুমি যা বলবে চিন্তা করে বলবে, জিবরীল (আলাইহিস সালাম) কি রাসুলুল্লাহ সাল্লাল্লাহ অালাইহি ওয়াসাল্লাম কে সালাতের ওয়াক্ত ঠিক করে দিয়েছেন? উরওয়া বললেন, বাশীর ইবনু আবূ মাসউদ তার পিতা থেকে এরুপই বর্ণনা করেছেন। তারপর উরওয়া বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিনী আয়িশা (রাঃ) আমার কাছে বলেছেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসরের সালাত আদায় করেছেন, যখন সূর্যের কিরণ হুজরার আঙ্গিনায় ছিল-তা উপরে উঠার আগে।

English

Ibn Shihab reported:

Umar b. 'Abd al-'Aziz one day deferred the prayer. 'Urwa b. Zubair came to him and informed him that one day as Mughira b. Shu'ba was in Kufa (as its governor), he deferred the prayer, Abu Mas'ud al-Ansari came to him and said: What is this, O Mughira? Did you know that it was Gabriel who came and said prayer and (then) the Messenger of Allah () said the prayer (along with him), then (Gabriel) prayed and the Messenger of Allah () also prayed, then (Gabriel) prayed and the Messenger of Allah () prayed (along with him). then Gabriel prayed and the Messenger of Allah () prayed (along with him). then Gabriel prayed and the Messenger of Allah () also prayed (along with him) and then said: This is how I have been ordered to do. 'Umar (b. 'Abd al-'Aziz) said. O 'Urwa be mindful of what you are saying that Gabriel (peace be upon him) taught the Messenger of Allah () the times of prayer. Upon this 'Urwa said: This is how Bashir b. Abu Mas'ud narrated on the authority of his father

'Urwah (also) said:

'A'isha?, the wife of the Apostle (ﷺ) narrated it to me that the Messenger of Allah (ﷺ) used to say the afternoon prayer, when the light of the sun was there in her apartment before it went out (of it).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন